দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAY 01 2000
পৃষ্ঠা ১৬ কলাম ৬

# শিক্ষা মন্ত্রণালয়ের বই ক্রয় প্রকল্পের ২২টি প্রতিষ্ঠানই ভুয়া

ইত্তেফাক রিপোর্ট ॥ সৃজনশীল প্রকাশনার ক্ষেত্রে বই নকল এবং গাইডসহ নিম্নমানের বই অনুৎসাহিত হওয়ার কথা থাকিলেও শিক্ষা মন্ত্রণালয়ের ক্রয় বিষয়ক একটি প্রকল্পে বিষয়টি প্রাথমিক পর্যায়ে গুরুত্ব পায় নাই। দেশের পাঁচশতটি কলেজের লাইব্রেরীতে সৃজনশীল বই সরবরাহের জন্য শিক্ষাবিদ ও কর্মকর্তা পর্যায়ে গঠিত একটি কমিটি প্রাথমিকভাবে বইয়ের যে তালিকা প্রণয়ন করিয়াছিল উহাতে ব্যাপক ত্রুটি ধরা পড়িয়াছে। উদ্ভূত পরিস্থিতিতে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে গঠিত একটি নূতন কমিটি প্রাথমিক তালিকা পর্যালোচনা করিয়া ২২টি ভুয়া প্রকাশনা প্রতিষ্ঠান এবং উল্লেখযোগ্য

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষা মন্ত্রণালয়ের বই

(শেষ পৃষ্ঠার পর)

সংখ্যক নকল বই গাইড বই সনাক্ত করিয়াছে। নকল বই, গাইড বই এবং ২২টি ভুয়া প্রকাশনা প্রতিষ্ঠানের বইগুলি ছাড়া পাইলে প্রকল্পের ১ কোটি টাকা অহেতুক খরচ হইয়া যাইত।

বাংলা একাডেমী, নজরুল ইনষ্টিটিউট, জাতীয় গ্রন্থকেন্দ্র, জাতীয় আর্কাইভ এবং শিক্ষা মন্ত্রণালয়ের দুইজন কর্মকর্তার সমন্বয়ে গঠিত একটি কমিটি দেশের ১৩১টি প্রকাশনা সংস্থার ৫২১টি বই লাইব্রেরীগুলিতে সরবরাহের জন্য নির্বাচন করিয়াছিল। কমিটির এই তালিকা পর্যালোচনা করার জন্য প্রফেসর আনিসুজ্জামানের নেতৃত্বে নূতন একটি কমিটি গঠনের পর তালিকার ক্ষেত্রে ব্যাপক ত্রুটি ধরা পড়ে। পর্যালোচনা কমিটির রিপোর্টে বলা হইয়াছে, শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগটির প্রধান উদ্দেশ্য হইল কলেজের লাইব্রেরীগুলিকে সমৃদ্ধ করা। কিন্তু বিশেষজ্ঞ পর্যায়ে প্রস্তুত তালিকা দেখিয়া মনে হইয়াছে, কতগুলি বই ক্রয় করাই ইহার উদ্দেশ্য। এমন অনেক বই অন্তর্ভুক্ত হইয়াছে যেগুলি সৃজনশীল নয়। কমিটির পর্যবেক্ষণে দেখা গিয়াছে, ২২টি প্রকাশনা সংস্থার কোন ঠিকানা নাই। প্রতিষ্ঠানগুলি কোন পেশাদার প্রকাশনী সংস্থা নয়। ইহাদের মধ্যে অনেকগুলি মূলতঃ বইয়ের দোকানের নাম, কয়েকটি রহিয়াছে বিদেশী বইয়ের সরবরাহকারী। ইহাছাড়া কয়েকটি রহিয়াছে ভুয়া প্রতিষ্ঠান। তালিকায় বেশকিছু গাইড বই যেমন—বাংলাদেশে ভ্রমণ, মাছ, পশু ও কৃষি গাইড স্থান পাইয়াছে। এগুলির প্রকাশনা মান অত্যন্ত নিম্নমানের। বেশকিছু নকল বই যেমন-শিবরাম সমগ্র, সুকুমার রচনা সমগ্র, বাংলা সাহিত্যের ইতিহাস, পরম পুরুষ বিবেকানন্দ, রবীন্দ্র সঙ্গীত স্বরলিপি স্থান পাইয়াছিল। বইগুলি ভারতের বিভিন্ন প্রকাশনা সংস্থার এবং অননুমোদিতভাবে বাংলাদেশে মুদ্রণ করিয়া বিভিন্ন লাইব্রেরীতে সরবরাহ করা হয়।

পর্যালোচনা কমিটির রিপোর্টের প্রেক্ষিতে ২২টি প্রতিষ্ঠানের নামে বরাদ্দকৃত বই প্রকল্পে অন্তর্ভুক্ত না করার ফলে প্রকল্পের সাশ্রয়কৃত ১ কোটি টাকা দিয়া বাড়তি ১০০টি কলেজে বই সরবরাহের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

77